

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন  
৯২-৯৩, মহাখালী বানিজ্যিক, এলাকা, ঢাকা।  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)

নং ৫১.০১.০০০০.০২২.১৬.০২৪.১৮-৬০

তারিখ : ১৯/০৯/২০১৮খ্রি।


বিষয়ঃ ২০১৭-১৮ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা)/কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় বাস্তবায়িত প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ ক) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং ৫১.০১.০০০০.০২২.১৬.০৩১.১৬-৪০, তাং ২৮.৬.১৮ খ্রি.  
খ) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং ৫১.০১.০০০০.০২২.১৬.০৩১.১৬-৫২, তাং ১৬.৮.১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৭-১৮ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা)/কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় বাস্তবায়িত প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন পেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে সূত্রোক্ত ২টি পত্রের ১ম টিতে অনুরোধ আর পেরেরটিতে তাগিদ দেয়া হয়। কিন্তু তা সত্ত্বেও পরিপত্র উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়িত গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা)/কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির প্রতিবেদন পাওয়া যায়নি। ফলে সমন্বিত প্রতিবেদন তৈরি করা সম্ভব হচ্ছেনা।

২। এমতাবস্থায়, তাঁর জেলাধীন সকল উপজেলার ২০১৭-২০১৮ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা)/কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় বাস্তবায়িত প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন মূল্যায়ন ও পরিবীক্ষণ অনুবিভাগের সংশ্লিষ্ট শাখায় আগামী ২৭.০৯.২০১৮খ্রি: তারিখের মধ্যে জরুরি ভিত্তিতে প্রেরণ নিশ্চিত করতে উপজেলা নির্বাহী অফিসারগণকে নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

৩। বিষয়টি অতীব জরুরি।



(আবু সৈয়দ মোহাম্মদ হাশিম)

মহাপরিচালক

(অতিরিক্ত সচিব)

ফোন: ৯৮৪১৫৮১

ই-মেইল:dg@ddm.gov.bd

জেলা প্রশাসক

.....।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:-

- ১। কমিশনার.....(সকল)।
- ২। পরিচালক (কাবিখা/প্রশাসন),দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।( ওয়েব সাইটে প্রচারে জন্য)।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার.....
- ৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা.....
- ৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা.....
- ৭। অফিস কপি।